সংবাদ

তারিখ 12 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম কুয়াইশ বুড়িশ্চর কলেজে নিউরালের সেমিনার



সম্প্রতি নজুমিয়া হাটের (চট্টগ্রাম) Neural কাউন্সিলিং অফিস Sun Shine Computer-এর উদ্যোগে কুয়াইশ বুড়িশ্চর সিটি করপোরেশন কলেজে 'কম্পিউটার ক্যারিয়ার' বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বক্তারা বলেন, কম্পিউটার শুধু বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য নয়, এ শিক্ষা সব বিভাগের ছাত্র-ছাত্রী এবং সর্বস্তরের মানুষের জন্য। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়াইশ কলেজের অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউরাল সিস্টেমস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহমুদ জুবায়ের। 'কম্পিউটার ক্যারিয়ার' বিষয়ে আলোচনা করেন কলেজের অধ্যাপক মশিউর রহমান, কম্পিউটার বিভাগের অধ্যাপক বেলাল আহমেদ প্রমুখ। সেমিনারে কুয়াইশ বুড়িশ্চর সিটি করপোরেশন কলেজের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে।

নিউরাল চট্টগ্রাম ক্যাম্পাসে কারিগরি শিক্ষা বোর্ডের ৪ বছরমেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স এবং NCC (UK), London Metropolitan University এর অধীনে B.Sc. (Hons) in Computing systems কোর্স পরিচালনা করে আসছে। সংবাদ বিজ্ঞপ্তি।